দৈনিক বাংলা

তারিখ ... ১৭।১০।৭৬ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

025

# কর্মবিরতি

সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় সংগ্রাম কমিটি ও সাব-কমিটির সদস্যদের এক সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে শিক্ষকদের সাত দফা দাবী পূরণ না হওয়া পর্যন্ত কর্মবিরতি অব্যাহত থাকবে গতকাল সরকারী মাধ্যমিক স্কুল সমূহের সকলস্তরের শিক্ষকদের পূর্ণ কর্মবিরতির পঞ্চম দিন অতিবাহিত হয়েছে।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।

**বেসরকারী শিক্ষকদের কর্মবিরতি**

বাংলাদেশ শিক্ষক সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে বুধবার সারাদেশে বেসরকারী মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাগণ পূর্ণ কর্মবিরতি পালন করেছেন। আগামী ২৪শে অক্টোবর পর্যন্ত এই কর্ম-বিরতি অব্যাহত থাকবে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

**জাতীয় শিক্ষক সমিতি**

বাংলাদেশ জাতীয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় আহবায়ক কমিটি ও জেলা আহবায়কদের এক সভায় বিভিন্ন বক্তা অবিলম্বে শিক্ষকদের দাবী-সমূহ মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান।

সমিতির আহবায়ক জনাব আব্দুল জলিল মিয়ার সভাপতিত্বে গত মঙ্গলবার এই সভা অনুষ্ঠিত হয়।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।